# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ১৫৭৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই ব্যস্ততার কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যোহরের পরের দুই রাকাত সালাত আদায় করতে পারেননি, অতঃপর আসরের পর তা আদায় করেন

ذِكْرُ وَصْفِ الشُّغل الَّذِي شُغل بِهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الرَّكْعَتَيْنِ بَعْدَ الظُّهْرِ حَتَّى صَلَّاهُمَا بَعْدَ الْعَصْرِ

আরবী

1573 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو الشَّعْثَاءِ عَلِيُّ بْنُ الْحَسَنِ بْنِ سُلَيْمَانَ قَالَ: حَدَّثَنَا حُمَيْدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِيهِ عَنْ عَطَاءِ بْنِ السَّائِبِ عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ عَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُتِي بِمَالٍ بَعْدَ الظُّهْرِ فَقَسَمَهُ حَتَّى صَلَّى الْعَصْرَ ثُمَّ دَخَلَ مَنْزِلَ عَائِشَةَ فَصَلَّى الرَّكْعَتَيْنِ بَعْدَ الْعَصْرِ وَقَالَ: (شَغَلَنِي هَذَا الْمَالُ عَنِ الرَّكْعَتَيْنِ بَعْدَ الظُّهْرِ فَلَمْ أُصَلِّهِمَا حتى كان الآن)

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1573 | خلاصة حكم المحدث : صحيح ـ ((الإرواء)) (2/ 188).

বাংলা

১৫৭৩. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে যোহরের পর সাদাকার মাল আনা হয়। অতঃপর তিনি আসরের সালাত আদায় করা পর্যন্ত তা বন্টন করেন। তারপর তিনি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার ঘরে প্রবেশ করেন অতঃপর আসরের পর ঐ দুই রাকা‘আত সালাত আদায় করেন এবং বলেন, “এই সম্পদ আমাকে যোহরের পরের দুই রাকা‘আত সালাত করা থেকে বিরত রেখেছিল ফলে আমি এই সময় পর্যন্ত আমি তা আদায় করতে পারিনি।”[1]

ফুটনোট

[1] তিরমিযী: ১৮৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২/১৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90888

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন